

মানিকগঞ্জের ডিপিইওর দুর্নীতি ॥ শিক্ষকদের বিক্ষোভ স্মারকলিপি

মানিকগঞ্জ, ২৮ মার্চ, নিজস্ব সংবাদদাতা ॥ ঘুষ, চাঁদাবাজি, হযরানি ও দুর্ব্যবহারের অভিযোগে মানিকগঞ্জ জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা (ডিপিইও) মহিবুর রহমানের অপসারণের দাবিতে জেলার প্রাথমিক স্কুলের শিক্ষকরা বৃহস্পতিবার বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছেন। ৭২ ঘণ্টার মধ্যে ডিপিইওকে অপসারণ না করলে তাঁরা অনশন ধর্মঘটের আলটিমেটাম দিয়েছেন।

বৃহস্পতিবার সকাল ১১টায় শিক্ষক-শিক্ষিকাদের একটি বিশাল মিছিল শহর প্রদক্ষিণ শেষে মানিকগঞ্জ জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি প্রদান করে। পরে কালেক্টরেট ভবন চত্বর ও মানিকগঞ্জ প্রেসক্লাব চত্বরে দুটি সভা অনুষ্ঠিত হয়। জিন্মাত আলীর সভাপতিত্বে দুটি সভায় বক্তব্য রাখেন মনোয়ারা বেগম, নূরুল ইসলাম, মতিউর রহমান, ললিত মহন গোস্বামী প্রমুখ। এছাড়াও বেশ কয়েকজন শিক্ষক, তাদের সাথে ডিপিইও কি ধরনের অনিয়ম, দুর্ব্যবহার

করেছেন তার বর্ণনা দেন। বেশ কয়েকজন শিক্ষক ক্ষোভে-দুঃখে কেঁদে ফেলেন। এ সময় শিক্ষকগণ ঘুষখোর ডিপিইওর অপসারণের দাবিতে বিভিন্ন স্লোগান দিতে থাকেন।

শিক্ষকগণ তাঁদের বক্তব্য বলেন, বদলি, পেনশন ও ছুটিসহ বিভিন্ন দাফতরিক কাজে ডিপিইওকে ঘুষ না দিয়ে পার পাওয়া যায় না। এ ছাড়া বিদ্যালয় পরিদর্শনের নামে বিভিন্ন অজুহাতে অভিযোগের ফাঁদে ফেলে শিক্ষকদের কাছ থেকে তিনি ঘুষ আদায় করছেন। শিক্ষকরা বলেন, স্কুলের অথবা চাকরিসংক্রান্ত কাজে ডিপিইওর সাথে দেখা করলেই তাকে চা-নাস্তা খাওয়া বাবদ চাঁদা দিতে হয়। উপজেলার প্রধান শিক্ষকদের মাসিক সমন্বয়সভায় উপস্থিত হয়ে তিনি সরাসরি উপহার প্রদানের নির্দেশ দেন। উপহার হিসাবে তাকে মোবাইল টেলিফোন, স্বর্ণের আংটি, চেন এমনকি ঘড়ি পর্যন্ত দিতে হয়েছে বলে শিক্ষকরা অভিযোগ করেন।